

- ২১০ -



স্মারক নং-১৮.১৫.০০০০.০২০.১৮.০১৭.১৬-৬১০
তারিখ : ২৫ আগস্ট, ২০২০ খ্রিঃ



বাংলাদেশ স্থলবন্দর কর্তৃপক্ষ
Bangladesh Land Port Authority
টিসিবি ভবন (৬ষ্ঠ তলা), কাওরান বাজার, ঢাকা-১২১৫
ফ্যাক্স: ৫৫০১৩৮২৮
www.bsbk.gov.bd

বিষয় : সাধারণ ডায়েরি করার আবেদন প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, জনাব মোহাম্মদ আশ্রাফুল ইসলাম, স্থায়ী ঠিকানা- আবদুল ওয়াহিদ মিয়ার বাড়ী, পিতা: মোহাম্মদ ওয়াহিদ, গ্রাম: ম্যাকপার্শ্বান, ডাকঘর : সুখচর বাজার, উপজেলা: হাতিয়া, জেলা: নোয়াখালী বাংলাদেশ স্থলবন্দর কর্তৃপক্ষের আওতাধীন বেনাপোল স্থলবন্দরে ওয়্যারহাউজ সুপারিনটেনডেন্ট পদে কর্মরত ছিলেন। তিনি গত ০৯-১১-২০১৭ হতে ১২-১১-২০১৭ তারিখ পর্যন্ত নৈমিত্তিক ছুটি নিয়ে কর্মস্থল ত্যাগ করে কর্মস্থলে আর যোগদান করেননি অর্থাৎ ১৩/১১/২০১৭ তারিখ থেকে কর্মস্থলে অননুমোদিত অনুপস্থিত থাকেন। তার এহেন কর্মস্থলে অননুমোদিত অনুপস্থিতির জন্য বাংলাদেশ স্থলবন্দর কর্তৃপক্ষের ০২/০৮/২০১৮ তারিখের ১৮.১৫.০০০০.০২০. ১৮.০১৭.১৬-৫৫৭ নং স্মারকে তার বিরুদ্ধে বাংলাদেশ স্থলবন্দর কর্তৃপক্ষ কর্মচারী প্রবিধানমালা, ২০০৪ এর প্রবিধি ৪০ এর (ক), (খ) ও (গ) অনুযায়ী যথাক্রমে 'দায়িত্ব পালনে অবহেলা', 'অসদাচরণ' এবং 'পলায়ন' এর অভিযোগে বিভাগীয় মামলা রুজু করা হয়। মামলায় আনীত অভিযোগের বিষয়ে তদন্তে তার বিরুদ্ধে আনীত অভিযোগ প্রমাণিত হওয়ায় কর্তৃপক্ষের ০৪/১২/২০১৯ খ্রি: তারিখের ১৮.১৫.০০০০.০২০.১৮.০১৭.১৬-১২০৪ নং স্মারকে বাংলাদেশ স্থলবন্দর কর্তৃপক্ষ কর্মচারী চাকুরি প্রবিধানমালা-২০০৪ এর প্রবিধি ৪০ এর (ক), (খ) ও (গ) অনুযায়ী যথাক্রমে 'দায়িত্ব পালনে অবহেলা', 'অসদাচরণ' এবং 'পলায়ন' এর অভিযোগে দোষী সাব্যস্ত করে একই প্রবিধানমালার প্রবিধি ৪১ (১) (খ) (ই) মোতাবেক অননুমোদিত অনুপস্থিতির তারিখ অর্থাৎ ১৩/১১/২০১৭ তারিখ হতে জনাব মোহাম্মদ আশ্রাফুল ইসলামকে বাংলাদেশ স্থলবন্দর কর্তৃপক্ষের চাকুরি হতে অপসারণ করা হয়।

জনাব মোহাম্মদ আশ্রাফুল ইসলাম নামে এ কর্তৃপক্ষের প্রধান কার্যালয়ে বা কর্তৃপক্ষের আওতাধীন কোনো স্থলবন্দরে অডিট অফিসার বা উপ-পরিচালক (অডিট) হিসেবে কেউ কর্মরত নেই। অথচ তিনি কর্তৃপক্ষের অডিট অফিসার আবার উপ-পরিচালক (অডিট) হিসেবে পরিচয় দিয়ে বিভিন্ন প্রকার লিখিত আবেদন, চিঠিপত্র এ কর্তৃপক্ষে এবং নৌপরিবহন মন্ত্রণালয়ের মাননীয় প্রতিমন্ত্রী মহোদয়ের দাপ্তরিক ই-মেইলে প্রেরণ করেন। এতে কর্তৃপক্ষের ভাবমূর্তি ক্ষুণ্ণ হচ্ছে। এ বিষয়ে থানায় একটি সাধারণ ডায়েরি করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

তেজগাঁও থানার সাধারণ ডায়েরি

নং ১২১৬
তারিখ ২৬/০৮/২০২০

অডিট অফিসার
তেজগাঁও থানা
ফি.এম.পি. ঢাকা

অফিসার ইনচার্জ
তেজগাঁও থানা
ঢাকা মেট্রোপলিটন পুলিশ
ঢাকা

প্রদেয় কার্যক্রম
উপসচিব
পরিচালক (প্রশাসন)
ফোন : ৫৫০১৩৮৩১